দৈনিক সংবাদ

তারিখ ... 08 DEC 1991

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

53

# আতাউর রহমান খানের ইন্তেকাল

বর্ষীয়ান রাজনীতিক এবং সাবেক প্রধানমন্ত্রী আতাউর রহমান খান হৃদরোগ ও বার্ধক্যজনিত জটিলতায় গতকাল ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ........রাজেউন)। তার বয়স হয়েছিল ৮৭ বছর। খবর বাসস'র।

তাকে গতকাল ভোরে সোহরাওয়ার্দী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তিনি বেলা ১টায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাস এবং প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রবীণ পার্লামেন্টারিয়ানের প্রতি শেষ শ্রদ্ধা জানাতে তার ধানমন্ডিস্থ বাসভবনে যান।

কেবিনেট মন্ত্রিগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন স্তরের মানুষ এবং বহু শুভানুধ্যায়ী নেতাকে শেষবারের মতো দেখা এবং তার প্রতি শ্রদ্ধা জানানোর জন্য তার বাসভবনে যান।

তার মৃত্যু সংবাদ পেয়ে ধামরাই থেকে হাজার হাজার লোক তাদের নেতার প্রতি শ্রদ্ধা জানাতে তার বাসভবনে ছুটে আসেন। তিনি

আতাউর : পৃঃ ১২ কঃ ৪

## আতাউর : ইন্তেকাল করেছেন

(১ম পাতার পর)

ধামরাইয়ে জন্মগ্রহণ করেছিলেন।

পারিবারিক সূত্রে জানানো হয়, মরহুম রাজনীতিকের লাশ তার জ্যেষ্ঠপুত্র ওবায়েদুর রহমান খান ঢাকায় ফিরে না আসা পর্যন্ত তিন দিন ধরে বারডেম শবাগারে রাখা হবে। ওবায়েদুর রহমান খান বিদেশে বাস করছেন।

আতাউর রহমান খানের নামাজে জানাজা আগামী মঙ্গলবার জাতীয় বায়তুল মোকাররম মসজিদে আছরের নামাজের পর অনুষ্ঠিত হবে। একই দিন শেরে বাংলা নগরস্থ জাতীয় গোরস্থানে তাকে দাফন করা হবে।

এর আগে সকালে তার লাশ ধামরাইস্থ তার নিজ গ্রাম বালিয়ায় নিয়ে যাওয়া হবে। সেখানে সকাল ৯টায় নামাজে জানাজা হবে। বেলা ১১টায় কামালপুরস্থ আতাউর রহমান খান উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয় প্রাঙ্গণে এবং বেলা ১টায় ধামরাই উপজেলা সদরদপ্তরেও নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।